গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
www.mole.gov.bd

বিষয়ঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের ডিসেম্বর, ২০২০ পর্যন্ত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | বেগম মন্নুজান সুফিয়ান, এমপি<br>প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| **সভার স্থান** | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| **সভার তারিখ** | : | ১৪/০১/২০২১ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া হলো। | | |

২। **উপস্থাপনাঃ**

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতে প্রতিমন্ত্রী মহোদয় চলমান কোভিড-১৯ পরিস্থিতির মধ্যেও মন্ত্রনালয়ের সকল উন্নয়ন কার্যক্রম চলমান থাকায় সকলকে কৃতজ্ঞতা প্রকাশ করেন। গুনগতমান বজায় রেখে নির্মানধর্মী প্রকল্পের অবকাঠামো উন্নয়ন কার্যক্রম পরিচালনা ও নির্ধারিত মেয়াদে প্রকল্প বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় স্বাগত বক্তব্যে বলেন যে, কোভিড-১৯ ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ফেব্রুয়ারি ২০২০ হতে কোন এডিপি সভা অনুষ্ঠিত না হলেও PIC ও PSC সভা যথাসময়ে সম্পন্ন হয়েছে। বিগত সময়ে মন্ত্রণালয়ের বিভিন্ন উল্লেখযোগ্য কার্যক্রম সভা-কে অবহিত করে তিনি বলেন যে, শিশুশ্রম নিরসন এ মন্ত্রনালয়ের অগ্রাধিকার কর্মপরিকল্পনা। এজন্য ইতোমধ্যে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের আধা-সরকারি পত্র প্রদান করা হয়েছে এবং মন্ত্রণালয় হতে কার্যক্রম সমন্বয় করা হচ্ছে। একইসাথে তিনি প্রকল্পের অনুমোদিত মেয়াদ ও বরাদ্দের মধ্যে প্রকল্প সমাপ্ত করা এবং প্রকল্প সংশোধন যথাসম্ভব পরিহার করার বিষয়ে গুরুত্বারোপ করেন।

৩। **আলোচনাঃ**

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সভায় আলোচ্যসূচী অনুযায়ী প্রকল্পের তথ্যাবলি উপস্থাপন করেন। সভায় ফেব্রুয়ারি ২০২০-তে অনুষ্ঠিত পূর্ববর্তী এডিপি সভার কার্যবিবরণীর উপর কারো কোন মন্তব্য না থাকায় এটি দৃঢ়ীকরণ করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, ২০২০-২১ অর্থ-বছরের এডিপি-তে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ১১টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে (০৮টি বিনিয়োগ ও ০৩টি কারিগরী সহায়তা প্রকল্প)। ২০২০-২১ অর্থ বছরের এডিপি-তে চলমান প্রকল্পের অনুকূলে মোট ২১০৪৩.০০ লক্ষ (জিওবি ১৩২৪৫.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য ৭৭৯৮.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। এডিপি বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ব্যয় হয়েছে ৫৭৩৭.৪৬ লক্ষ (জিওবি ২৬০৬.৮৬ লক্ষ ও প্রকল্প সাহায্য ৩১৩০.৬০ লক্ষ) টাকা, যা বরাদ্দের ২৭.২৭ % (জিওবি ১৯.৬৯% ও প্রকল্প সাহায্য ৪০.১৫%)। উল্লেখ্য, ডিসেম্বর ২০২০ পর্যন্ত এডিপি বরাদ্দের বিপরীতে জাতীয় গড় ব্যয় ২৩%। জানুয়ারি, ২০২০ পর্যন্ত অর্থছাড় হয়েছে ৭২৬৩.৭৪ লক্ষ (জিওবি ৪১৫৭.১৪ লক্ষ ও প্রকল্প সাহায্য ৩১০৬.৬০ লক্ষ) টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP) প্রণয়নের লক্ষ্যে চলমান সমাপ্ত ০১ টি প্রকল্পসহ মোট ১০টি প্রকল্পের বিপরীতে মোট ১৭৫৪০.০০ (জিওবি ৯৮৮২.০০ ও পিএ ৭৬৫৮.০০) লক্ষ টাকার বরাদ্দ প্রাক্কলন করা হয়েছে। উল্লেখ্য যে, অর্থ বিভাগের বাজেট পরিপত্র অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগের মোট এডিপি বরাদ্দের জিওবি অংশের ২৫% সংরক্ষিত রেখে অনুর্ধ্ব ৭৫% ব্যয় এর নির্দেশনার প্রেক্ষিতে আরএডিপি বরাদ্দ প্রাক্কলন নির্ধারণ করা হয়েছে।

৪। **প্রকল্প ভিত্তিক পর্যালোচনাঃ**

পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পসমূহের উপর ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র: নং | প্রকল্পের নাম ও মেয়াদ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| **ক) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরঃ** | | | |
| ৪.১ | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট | সভায় জানানো হয় যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৬৫২৮.৩৩ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে এডিপিতে ২৯২৮.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ৭৭৪.৯৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। বরাদ্দের বিপরীতে প্রকল্পের আর্থিক | ক) প্রকল্পের মেয়াদ জুন ২০২২ পর্যন্ত ০১ বছর বৃদ্ধির প্রস্তাবসহ পিইসি সভার সিদ্ধান্তের আলোকে RDPP দ্রুত |

| ক্র: নং | প্রকল্পের নাম ও মেয়াদ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | প্রকল্প।<br><br>মেয়াদঃ আগস্ট ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত। | অগ্রগতি ২৬.৪৬%। প্রকল্পটির ডিসেম্বর ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫১৫১.০২ লক্ষ টাকা। প্রকল্পের ভৌত অগ্রগিত ৬৫%।<br><br>প্রকল্পের ভৌত অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আওতায় ০৯ টি ভবন নির্মানের লক্ষ্যমাত্রার বিপরীতে ০৮ টি ভবনের সুপার স্ট্রাকচার এর কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে ফিটিং, টাইলস এর কাজ চলমান রয়েছে। অবশিষ্ট ০৪ তলা একাডেমী ভবনটির ০৩ তলা পর্যন্ত নির্মান সম্পন্ন হয়েছে। তিনি বলেন যে, প্রকল্পের অবকাঠামো নির্মানের দায়িত্বপ্রাপ্ত সেনাকল্যাণ সংস্থা কর্তৃক ভবনের Drawing Design সমূহ বারবার তাগিদ দেয়া সত্ত্বেও প্রকল্প কর্তৃপক্ষের নিকট প্রদান করা হচ্ছে না।<br><br>প্রকল্প পরিচালক আরো জানান যে, একাডেমিক ভবনটির ৪র্থ তলা হতে ৫ম তলা পর্যন্ত উর্দ্ধমুখী সম্প্রসারণসহ প্রকল্প সংশোধন প্রস্তাব করা হয়। সংশোধন প্রস্তাবের প্রেক্ষিতে গত ২৩/১২/২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে RDPP দ্রুত এ মন্ত্রনালয়ে প্রেরণ করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয় এবং অবশিষ্ট কাজ বিবেচনায় প্রকল্পের মেয়াদ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা যায়। | এ মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে।<br><br>খ) প্রকল্পের আওতায় নির্মানাধীন ভবনসমূহের Drawing Design সমূহ প্রেরণের জন্য সেনাকল্যাণ সংস্থা-কে পত্র প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়নেঃ**<br>মহাপরিদর্শক, DIFE/ প্রকল্প পরিচালক। |
| ৪.২ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে ১৩ টি জেলা কার্যালয় নির্মাণ প্রকল্প।<br><br>মেয়াদঃ জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত। | প্রকল্পের আর্থিক অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২২৬৩৩.৮৫ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে এডিপিতে ৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ০.৪৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ০.১০%। প্রকল্পটির ডিসেম্বর ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ০.৪৯ লক্ষ টাকা। প্রকল্পটি ডিসেম্বর ২০২১-এ সমাপ্তির জন্য নির্ধারিত থাকায় নির্মান কাজের গুনগতমান বজায় রেখে এবং বাজেট বরাদ্দের বাস্তবতা বিবেচনায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি এবং সংশোধনের প্রয়োজন হতে পারে। তবে সংশোধন সময় সাপেক্ষ হওয়ায় কতিপয় প্রয়োজনীয় নতুন অঙ্গ অন্তর্ভুক্তির ক্ষেত্রে পরিকল্পনা কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করা প্রয়োজন মর্মে প্রকল্প পরিচালক সভায় উল্লেখ করেন।<br><br>প্রকল্প পরিচালক প্রকল্পের ভৌত অগ্রগতির বিষয়ে জানান যে, ময়মনসিংহ ও বরিশালে উর্দ্ধমুখি সম্প্রসারণের কাজ চলমান রয়েছে। রংপুর, ফরিদপুর, মৌলভীবাজার টেন্ডার আহবান করা হয়েছে। যশোর, কুষ্টিয়া ও খুলনার সম্ভাব্য প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়েছে। সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পের আওতায় খুলনায় শ্রম অধিদপ্তরের নিজস্ব জমিতে ০৬ তলা বিশিষ্ট ভবন নির্মিত হবে, যা DIFE এর দাপ্তরিক কার্যালয় হিসেবে ব্যবহার হবে। পাশাপাশি একই স্থানে শ্রম অধিদপ্তর কর্তৃক ১০ তলা ভবন নির্মানের জন্য RADP-তে নতুন প্রকল্প প্রস্তাব করা হয়েছে। এছাড়াও এ মন্ত্রণালয়ের আওতায় প্রস্তাবিত কর্মসংস্থান অধিদপ্তরে স্থানীয় অফিস নির্মানের প্রয়োজন হবে। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং এ বিষয়ে জটিলতা নিরসনে নির্মানাধীন অফিস ভবন যৌথ ব্যবহারের ক্ষেত্রে স্থান বরাদ্দ পরিকল্পনার জন্য একটি কর্মশালা আয়োজনে প্রকল্প পরিচালক প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে একমত পোষণ করে নরসিংদি, চট্টগ্রাম, রাজশাহীসহ অন্যান্য স্থানে অনুরুপ জটিলতার ক্ষেত্রে কর্মপন্থা নির্ধারনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | ক) প্রকল্পের ফলপ্রসু বাস্তবায়নে মেয়াদ বৃদ্ধিসহ অন্যান্য সংশোধনের বিষয়ে প্রকল্প পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>খ) শ্রম অধিদপ্তরের নিজস্ব জায়গায় DIFE কর্তৃক নির্মিতব্য ভবনের যৌথ ব্যবহারের কর্মপস্থা নির্ধারণে সংশ্লিষ্টদের সমন্বয়ে কর্মশালা আয়োজন করতে হবে।<br><br>**বাস্তবায়নেঃ**<br>মহাপরিচালক, শ্রম অধিদপ্তর/ মহাপরিদর্শক, DIFE/ প্রকল্প পরিচালক। |
| ৪.৩ | রিমিডিয়েশন কোঅরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর ক্যাপ (কারেক্টিভ | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৩০০.০০ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে এডিপি-তে ৮০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ২৫৬.০৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে, প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ৩২%। ডিসেম্বর, ২০২০ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ব্যয় ১৩২৪.২৬ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক জানান যে, | ক) প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণ এবং বর্ধিত মেয়াদে প্রকল্পের |

| ক্র: নং | প্রকল্পের নাম ও মেয়াদ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | একশন প্লান) বাস্তবায়ন প্রকল্প।<br><br>মেয়াদঃ জুলাই ২০১৮ হতে জুন ২০২১ | ইতোমধ্যে প্রকল্পের পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের আওতায় কার্যকর ৭৪৫ টি রেডিমেড গার্মেন্টসসমূহের বৈদ্যুতিক, অগ্নি ও কাঠামোগত ঝুঁকি দূরীকরণে মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। কারখানা পরিদর্শন করে সুপারিশ প্রদান করা হচ্ছে। ৩৫,৩১৬ টি আরএমজি কারখানার Non-Compliance ইস্যুর মধ্যে ৪৪% কারখানার ঝুঁকি হ্রাস করা হয়েছে।<br><br>তিনি আরো জানান যে, প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হবে। মেয়াদবৃদ্ধির প্রস্তাব প্রদান এবং বর্ধিত মেয়াদে প্রকল্পের কাজ সমাপ্ত করার বিষয়ে সভায় প্রকল্প পরিচালক-কে নির্দেশনা প্রদান করা হয়। | কাজ সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নেঃ** প্রকল্প পরিচালক। |
| ৪.৪ | নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার অবকাঠামোগত, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপণ।<br><br>মেয়াদঃ জুলাই ২০১৯ হতে জুন ২০২১ পর্যন্ত। | প্রকল্প পরিচালক সভা-কে জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৭১২.৫৭ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে এডিপিতে ৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ১১৩.৭৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ২২.৭৬%। প্রকল্পটির ডিসেম্বর ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১২২.১৬ লক্ষ টাকা।<br>উক্ত প্রকল্পের আওতায় (কেমিকেল ১৪৭, প্লাস্টিক ২৯৮, আরএমজি কারখানা ৬৪৬) সহ মোট ১১০১টি কারখানা এসেসমেন্ট সম্পন্ন করা হবে। ইতোমধ্যে ৩০টি কারখানা এসেসমেন্ট সম্পন্ন করা হয়েছে। তিনি আরো জানান যে, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম ও ঢাকা জেলার আরএমজি কারখানার এসেসমেন্টের নিমিত্তে পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের জন্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত পুনরায় দরপত্র ১৭.০১.২০২১ তারিখ আহবান করা হবে। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিক রাখার জন্য মন্ত্রণালয়ের থোক হতে জরুরী ভিত্তিতে ৯ কোটি টাকা বরাদ্দের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। বিষয়টি পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে এবং নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।<br><br>প্রকল্পটি আগামী জুন, ২০২১ এর মধ্যে প্রকল্পের ভৌত অগ্রগতি ৪০% উন্নীত হবে বলে আশা করা যাচ্ছে। RADP-তে কোন অতিরিক্ত বাজেট বরাদ্দ প্রস্তাব না থাকায় প্রকল্পটির মেয়াদ ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে এক (০১) বছর বাড়ানো প্রয়োজন হতে পারে মর্মে প্রকল্প পরিচালক সভায় উল্লেখ করেন। | ক) বাজেট বরাদ্দের সীমাবদ্ধতার প্রেক্ষিতে প্রকল্পটির মেয়াদ ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে এক (০১) বছর বৃদ্ধির প্রস্তাব এ মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে।<br><br>খ) মন্ত্রণালয়ের থোক হতে জরুরী ভিত্তিতে ০৯ কোটি টাকা বরাদ্দের সম্মতি গ্রহণের জন্য পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নেঃ** প্রকল্প পরিচালক |
| ৪.৫ | Gender Equality and Women's Empowerment at work place প্রকল্প। মেয়াদঃ ০১/০৭/২০১৭-৩০/১২/২০২০ পর্যন্ত। | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৫৪৮.৪৪ (পিএ ৪৮৮.৪৪ জিওবি ৬০.৪৩) লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ আছে ৫২.০০ (পিএ-৪০.০০, জিওবি-১২.০০) লক্ষ টাকা। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ৪৭.২১ (জিওবি ১০.৬১ ও পিএ ৩৬.৬০) লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৯০.৭৮%। প্রকল্পটির ডিসেম্বর ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৩০৪.৮৫ লক্ষ টাকা। উল্লেখ্য, প্রকল্পটির উন্নয়ন সহযোগী ইউএনএফপিএ কর্তৃক প্রতিশ্রুত প্রকল্প সাহায্য ৪৮৮.৪৪ লক্ষ টাকা এর বিপরীতে প্রকল্প মেয়াদে মাত্র ২৪৬. ৫৯ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করে। ফলে প্রকল্প দলিল অনুযায়ী বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা অসম্পূর্ণ রেখে প্রকল্প সমাপ্ত হয়েছে। প্রকল্প সমাপ্ত প্রতিবেদন দ্রুত এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | ক) প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) আইএমইডি এর নির্ধারিত ছকে যথাযথভাবে পূরণপূর্বক দ্রুত এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়নেঃ** প্রকল্প পরিচালক |
| **খ) শ্রম অধিদপ্তরঃ** | | | |
| ৪.৬ | শ্রম অধিদপ্তরাধীন বিদ্যমান ৬টি কার্যালয় পুনঃনির্মাণ ও আধুনিকায়ন প্রকল্প<br><br>মেয়াদঃ | প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৫৮৩৯.০০ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে এডিপি-তে ১৬৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ৭৩৩.৫৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির আর্থিক অগ্রগতি বরাদ্দের ৪৪.৪৫%। প্রকল্পটির জুন ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৩১০৪.৬৬ লক্ষ টাকা।<br>সভায় জানানো হয় যে,<br>• নাসিরাবাদ চট্টগ্রাম অংশের নির্মান কাজ এপ্রিল ২০২১ এ সমাপ্ত হবে; | ক) প্রকল্প সংশোধনের প্রস্তাব এ মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে।<br><br>খ) প্রকল্পের বাস্তব কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করতে হবে। |

| ক্র: নং | প্রকল্পের নাম ও মেয়াদ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | ০১ এপ্রিল ২০১৭ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত। | • চাষাড়া, নারায়ণগঞ্জ অংশের নির্মান কাজ ফেব্রুয়ারি ২০২১ এ সমাপ্ত হবে;<br>• বাগেরহাট অংশের নির্মান কাজ ফেব্রুয়ারি ২০২১ এ সমাপ্ত হবে;<br>• এছাড়া, প্রকল্পের বগুড়া, গাইবান্ধা ও রুপসা, খুলনা অংশের নির্মান কাজ সমাপ্ত হয়েছে।<br>প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের নারায়নগঞ্জ ও বাগেরহাট অংশে ডিপিপি-তে উল্লিখিত জায়গার পরিমান (বর্গফুট) বাস্তবে কম থাকায় ভবনের আয়তন এর তারতম্য সৃষ্টি হওয়ায় প্রকল্পটির সংশোধনের প্রয়োজন হবে। প্রকল্প সংশোধনের প্রস্তাব এ মন্ত্রনালয়ে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া প্রকল্পের বাস্তব কার্যক্রম সরেজমিনে পরিদর্শন, সমাপ্ত ভবনসমূহ দাপ্তরিকভাবে গ্রহণ করা এবং নির্মানাধীন ভবনসমূহের কাজ দ্রুত সময়ে সম্পন্ন করার বিষয়ে সভায় একমত পোষন করা হয়। | গ) সমাপ্ত ভবনসমূহ দাপ্তরিকভাবে গ্রহণ এবং নির্মানাধীন ভবনসমূহের কাজ দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে।<br>**বাস্তবায়নেঃ**<br>প্রকল্প পরিচালক |
| ৪.৭ | দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন ও কার্যক্রম সম্প্রসারণ ও জোরদারকরণে রাঙামাটির ঘাঘরায় একটি বহুবিধ সুবিধাসহ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প।<br>মেয়াদঃ<br>০১ এপ্রিল ২০১৭ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত। | প্রকল্প পরিচালক প্রকল্পের আর্থিক অগ্রগতি সম্পর্কে জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬৫,৯৩.০০ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে এডিপি-তে ১.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির আর্থিক অগ্রগতি বরাদ্দের ০.০০%। প্রকল্পটির ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪৯২৭.৮১ লক্ষ টাকা।<br>প্রকল্প পরিচালক জানান যে, গত ২৩/০৮/২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্পের পিইসি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক পুন:গঠিত ডিপিপি গত ২১/১০/২০২০ খ্রি. তারিখে মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের সংশোধন প্রস্তাব চূড়ান্ত অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে অপেক্ষাধীন রয়েছে। এছাড়াও, সেনা কল্যাণ সংস্থা কর্তৃক যথাসময়ে প্রকল্প পরিচালক বরাবর বিল দাখিল করা হয়েছে। প্রকল্পের নির্মান কাজ সরেজমিনে পরিদর্শন করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | ক) প্রকল্পের নির্মান কাজ সরেজমিনে পরিদর্শন করতে হবে।<br>খ) সংশোধিত প্রকল্প অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>**বাস্তবায়নেঃ**<br>প্রকল্প পরিচালক |
| ৪.৮ | নারায়নগঞ্জের বন্দর ও চট্টগ্রামের কালুর ঘাটে শ্রম কল্যাণ কেন্দ্রসহ শ্রমজীবী হোষ্টেল নির্মাণ প্রকল্প<br>মেয়াদঃ<br>০১ এপ্রিল ২০১৮ হতে ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত। | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১১৫০৭.২৩ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে এডিপিতে ৫৩৪৭.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ৬৯৫.৮৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ১৩.০১%। প্রকল্পটির ডিসেম্বর ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৮২৭৭.৩৯ লক্ষ টাকা।<br>প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের ঋণ গ্রহণ প্রক্রিয়া পর্যালোচনা করে গৃহায়ন তহবিল হতে ৫০০.০০ লক্ষ (পাঁচ কোটি) টাকা ঋণ গ্রহণ করা বাদ দেয়ার বিষয়ে ১১/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত ৪র্থ পিএসসি সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এবং ঋণ গ্রহণের বিষয়টি বাদ দিয়ে মেয়াদ বৃদ্ধিসহ সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে। নির্মানাধীন শ্রমজীবী মহিলা হোস্টেল ব্যবহারে সুবিধাভোগী নির্বাচন ও নীতিমালা প্রণয়নের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। এ ক্ষেত্রে প্রকল্প পরিচালক জানান যে, আগামী মার্চ ২০২১ তারিখের মধ্যে খসড়া নীতিমালা প্রণয়ন করা হবে। এছাড়া, নারায়নগঞ্জ বন্দরে নির্মানাধীন ভবনের লিফটের গুনগতমান যাচাইয়ের জন্য গঠিত টেকনিক্যাল কমিটি কর্তৃক দ্রুততম সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উল্লেখ্য যে, বিগত ০৫/০১/২০২১ তারিখের সংশোধিত প্রকল্পের উপর পিইসি সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে মর্মে সভায় জানানো হয়। | ক) নির্মানাধীন শ্রমজীবী মহিলা হোস্টেলের সুবিধাভোগী নির্বাচন ও হোস্টেল ব্যবহারের নীতিমালা প্রণয়ন করতে হবে।<br>খ) নারায়নগঞ্জ বন্দরে নির্মানাধীন ভবনের লিফটের গুনগতমান যাচাইয়ের জন্য গঠিত টেকনিক্যাল কমিটি কর্তৃক দ্রুততম সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।<br>গ) পুর্নগঠিত ডিপিপি (RDPP) দ্রুত মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়নেঃ**<br>মহাপরিচালক, শ্রম অধিদপ্তর/ প্রকল্প পরিচালক। |

| ক্র: নং | প্রকল্পের নাম ও মেয়াদ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| **গ) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ঃ** | | | |
| ৪.৯ | Promoting Social Dialogue and Harmonious Industrial Relations in the Bangladesh Ready-Made Garment Industry. মেয়াদঃ ০১ জুলাই ২০১৬ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত। | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬৬০২.০৭ লক্ষ টাকা (পিএ)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে এডিপিতে ১৩০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ২৩২.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ১৭.৮৫%। প্রকল্পটির ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪১০৮.০০ লক্ষ টাকা।<br><br>সভায় আইও উইং ও আইএলও প্রতিনিধি উপস্থিত না থাকায় প্রকল্পের চলমান বাস্তব কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করা সম্ভব হয়নি। পরবর্তী সভায় সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধি (ফোকাল পয়েন্ট)-কে উপস্থিত থাকার নির্দেশনা প্রদান করা হয়। | ক) আগামী সভায় আইও উইং ও আইএলও প্রতিনিধি উপস্থিত থেকে প্রকল্পের চলমান বাস্তব কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করবেন।<br><br>**বাস্তবায়নেঃ** আইও উইং/ আইএলও/DIFE |
| ৪.১০ | Improving Working Conditions in the Ready-Made Garment Sector– RMGP (Phase -2) মেয়াদঃ ০১ জুলাই ২০১৭ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত। | প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৪৩,২০.১২ লক্ষ টাকা (পিএ)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে এডিপিতে ৬৪৫৮.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ২৮৬২.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা বরাদ্দের ৪৪.৩২%। প্রকল্পটির নভেম্বর ২০২০ ক্রমপুঞ্জিত অগ্রগতি ১০৫৯৭.০০ লক্ষ টাকা। | |
| ৪.১১ | বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প।<br><br>মেয়াদঃ জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত। | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা (জিওবি)। প্রকল্পটির অনুকূলে ২০২০-২১ অর্থ বছরে এডিপিতে ১৫০৭.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত ২২.০৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির আর্থিক অগ্রগতি বরাদ্দের ১.৪৬%। প্রকল্পটির ডিসেম্বর ২০২০ ক্রমপুঞ্জিত ব্যয় ১৭৬.৮৯ লক্ষ টাকা।<br><br>প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের মূল কার্যক্রম ১ লক্ষ শিশুকে উপানুষ্ঠানিক শিক্ষা ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে সেবাক্রয় কার্যক্রম চলমান রয়েছে এবং এনজিও নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ডিসেম্বর ২০২১ পর্যন্ত ০১ (এক) বছর বৃদ্ধি করা হয়েছে। এছাড়া, প্রকল্পের জনবল নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে দায়েরকৃত রীট মামলার বিরুদ্ধে আইন মন্ত্রনালয়ের মতামতের আলোকে আপীল কার্যক্রম শুরু করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, ইতোমধ্যে মন্ত্রণালয়ের আইন শাখা হতে কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তরের সংশ্লিষ্ট আইনজীবী-কে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | ক) প্রকল্প পরিচালক নিয়োগকৃত আইনজীবীর সাথে দ্রুত যোগাযোগ করে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন।<br><br>খ) প্রকল্পের সেবাক্রয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>**বাস্তবায়নেঃ** প্রকল্প পরিচালক |

৫। **বিবিধ:**

| ক্রনং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | ২০২০-২১ অর্থ বছরে RADP-তে প্রস্তাবিত নতুন প্রকল্প।<br><br>আলোচনাঃ<br>শ্রম অধিদপ্তর হতে ০৫ টি ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর হতে ০১ টি এবং আইও উইং হতে ০১ টি মোট ০৭ টি বরাদ্দবিহীনভাবে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়। সভায় জানানো হয় যে, নিয়ম অনুযায়ী প্রস্তাবসমূহ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। **যা নিম্নরুপঃ**<br>ক) শ্রম অধিদপ্তর (বিনিয়োগ প্রকল্প ও পিপিপি): | ক) "টংগীস্থ শ্রম কল্যাণ কেন্দ্রের পুনঃনির্মাণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্পটির পিইসি সভা অনুষ্ঠানের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখতে হবে।<br><br>বাস্তবায়নেঃ শ্রম অধিদপ্তর। |

| ক্রনং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| | • টংগীস্থ শ্রম কল্যাণ কেন্দ্র বহুবিধ সুবিধাসহ মাল্টিপারপাস শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প ।<br>• শ্রম অধিদপ্তরাধীন খুলনা ও বরিশালে ০২ (দুই) টি বহুতল আধুনিক শ্রম ভবন নির্মাণ প্রকল্প।<br>• বঙ্গবন্ধু জাতীয় শ্রম উন্নয়ন ইনষ্টিটিউট প্রকল্প।<br>শ্রম অধিদপ্তরাধীন চৌমুহনী শ্রম কল্যাণ কেন্দ্রের পুনঃনির্মাণ ও আধুনিকীকরণ এবং ৩০০ শয্যার পেশাগত রোগ চিকিৎসায় হাসপাতাল নির্মাণ প্রকল্প (পিপিপি)।<br>শ্রম অধিদপ্তরাধীন ঘোড়াশাল শ্রম কল্যাণ কেন্দ্রের পুনঃনির্মাণ ও আধুনিকীকরণ এবং ২০০ শয্যার পেশাগত রোগ চিকিৎসায় হাসপাতাল নির্মাণ প্রকল্প (পিপিপি)।<br>খ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (বিনিয়োগ প্রকল্প):<br>• লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম প্রকল্প।<br>গ) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (আন্তর্জাতিক সংস্থা-২) (কারিগরি সহায়তা প্রকল্প):<br>• বাংলাদেশের সিলেট বিভাগে মহিলা চা বাগানের শ্রমিকদের এবং তাদের পরিবারের জন্য সামাজিক সুরক্ষা জোরদারকরণ প্রকল্প। | |
| ২। | Development of Occupational Diseases Hospital, Labor Welfare Center and Commercial Complex at Chasara on PPP Basis **প্রকল্প**।<br>**আলোচনাঃ**<br>গত ২৬/০১/২০২০ এবং ১৬/১১/২০২০ তারিখ পিপিপি কর্তৃপক্ষ-কে চুক্তি বাতিলের জন্য পত্র প্রেরণ করা হয। পিপিপি কর্তৃকপক্ষের গত ০৬/১২/২০২০ তারিখের জবাবের প্রেক্ষিতে চুক্তি বাতিলের ব্যবস্থা গ্রহণের জন্য ০৩/০১ /২০২১ তারিখে শ্রম অধিদপ্তর-কে অনুরোধ করা হয়েছে। | ক) আলোচ্য প্রকল্পের আত্ততায় চুক্তি বাতিলের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>**বাস্তবায়নেঃ** শ্রম অধিদপ্তর |
| ৩। | Employment Injury Protection scheme for the Workes in Textile and Leather Industries **প্রকল্প**<br>**আলোচনাঃ**<br>গত জুন ২০২০ তারিখে প্রকল্পটি সমাপ্ত হয়েছে। তবে অর্থায়নকারী প্রতিষ্ঠান GIZ কর্তৃক প্রকল্পটি ডিসেম্বর ২০২১ পর্যন্ত মেয়াদবৃদ্ধিসহ অতিরিক্ত অর্থায়নের প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং ইআরডি কর্তৃক খসড়া MoU ও ProDoc প্রেরণের অনুরোধ করা হয়েছে। | ক) আলোচ্য প্রকল্পের মেয়াদবৃদ্ধিসহ অতিরিক্ত অর্থায়নের ক্ষেত্রে খসড়া MoU ও ProDoc এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়নেঃ** DIFE |
| ৪। | পরবর্তীতে অনুষ্ঠিতব্য এডিপি পর্যালোচনা সভায় প্রকল্প পরিচালকগণ কর্তৃক প্রকল্পসমূহের আর্থিক ও ভৌত অগ্রগতির তথ্য উপস্থাপন করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। | ক) প্রকল্পসমূহের আর্থিক ও ভৌত অগ্রগতির তথ্য উপস্থাপন করতে হবে।<br>**বাস্তবায়নেঃ**<br>সকল প্রকল্প পরিচালক। |
| ৫। | পিআইসি ও পিএসসি সভা আহবান। | ক) ডিপিপি এর নির্দেশনা অনুযায়ী প্রকল্পসমূহের পিআইসি ও পিএসসি সভা নিয়মিত আহবান করতে হবে।<br>**বাস্তবায়নেঃ**<br>এ মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থা/প্রকল্প পরিচালক। |

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪/০২/২০২১

(বেগম মন্নুজান সুফিয়ান, এমপি)
প্রতিমন্ত্রী
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।